ISO 9001 : 2015 Certified

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
সদর দপ্তর
হাজীগঞ্জ, চাঁদপুর
pbs1.chandpur.gov.bd

১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০০৮.১৯.২৪১

## " নিয়োগ বিজ্ঞপ্তি"

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত অফিস সহায়ক এর শূণ্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ০২ টি (কম বেশী হতে পারে) | ১৮/০১/২০২৪ খ্রিঃ তারিখে বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। | পবিস বেতন কাঠামো-২০২৩) মোতাবেক ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- টাকা এবং (ঘ) নিয়মানুযায়ী বাড়ী ভাড়া,(ঙ) চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। বাই সাইকেল চালানোর পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিস্কার-পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে। | বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, চুয়াডাঙ্গা, কুমিল্লা, ফরিদপুর, ফেনী, ঝিনাইদহ, ঝালকাঠী, লক্ষীপুর, নাটোর, নোয়াখালী, রাজবাড়ী ও পটুয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |

**শর্তাবলী:-**

াবেদনকারী আগ্রহী প্রার্থীগণ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট http://pbs1.chandpur.gov.bd এবং বাপবিবোর্ডের ওয়েব সাইট http://reb.gov.bd এ হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ ২৭-০৪-২০১৪খ্রিঃ) ডাউন লোড করে নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৮/০১/২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার যোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। কোন আবেদনপত্র হাতে হাতে গ্রহণযোগ্য নয়। সাদা কাগজে হাতে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম সম্বলিত সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ-**

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

(খ) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়)

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(চ) সরকারি / আধা সরকারি / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ফরওয়ার্ডিং পত্র সংযুক্ত করতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান / সন্তানদের সন্তানের জন্য মুক্তিযোদ্ধার সনদপত্র (স্থানীয় ইউনিয়র পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রত্যয়ন পত্র) সংযুক্ত করতে হবে।

অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদেরকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/অত্র পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে গৃহীত স্বাস্থ্য পরীক্ষা ও ডোপ টেস্ট পরীক্ষার সনদ এবং যে কোন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার এর নিকট হতে চক্ষু পরীক্ষার সনদ দাখিল করতে হবে।

অন প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭ এবং ৩০০-২৪ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ **প্রযোজ্য না হয়** সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

লিখিত পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮-১২-২০২৩

মোঃ আতিকুজ্জামান চৌধুরী
জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০১৬
chandpbs@yahoo.com

নম্বর:

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, চাঁদপুর;
২। পুলিশ সুপার, চাঁদপুর;
৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা;
৪। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা;
৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূ: অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা;
৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, .......................... ১/২/৩/৪;
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, হাজীগঞ্জ/শাহরাস্তি/কচুয়া, চাঁদপুর;
৮। ডিজিএম, কচুয়া/সদর-কারিগরী/শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১;
৯। এজিএম, (প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/এমএস),চাঁদপুর পবিস-১;
১০। এজিএম (ওএন্ডএম), সাচার সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-১;
১১। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-১ (পবিসের ওয়েব সাইটে প্রকাশের কার্যার্থে);
১২। নোটিশ বোর্ড/, ওয়েব সাইট (http://pbs1.chandpur.gov.bd), চাঁদপুর পবিস-১ এবং
১৩। অফিস কপি, চাঁদপুর পবিস-১।

২৮-১২-২০২৩
মোঃ আতিকুজ্জামান চৌধুরী
জেনারেল ম্যানেজার

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ অফিস সহায়ক পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর আবেদন ফরম

( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
হাজীগঞ্জ, চাঁদপুর।

০২. আবেদনকৃত পদের নাম................................................ ( বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে )

০২. পদের ধরণঃ নিয়মিত

০৩. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম ....................................................

০৪. প্রকাশনার তারিখ ......................................

০৫. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ........................................

( আবেদনকারীর পূর্ণ নাম বড় হাতের অক্ষরে ইংরেজিতে ) ..........................................

০৬. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী) ........../........../............ (দিন/মাস/বছর)

০৭. মাতার নাম ........................................

০৮. বয়স (১৮/০১/২০২৪ খ্রিঃ তারিখে ) ....................................

০৯. পিতার নাম ................................................

১০. ধর্ম ..............................

১১. জাতীয়তা ................................................

১২. নিজ জেলা ..............................

১৩. টেলিফোন / মুঠো ফোন নম্বর ...................................................

১৪. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৫. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ):

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৬. স্থায়ী ঠিকানাঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ..............................
খ. ডাকঘর ..............................
গ. উপজেলা / থানা ..............................
ঘ. জেলা ..............................

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ..............................
খ. ডাকঘর ..............................
গ. উপজেলা / থানা ..............................
ঘ. জেলা ..............................



চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর

................................ ................................ ................................

১৮.ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য ২০. ইস্যুর তারিখ

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) :

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

................................ ................................
তারিখ আবেদনকারীর স্বাক্ষর

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
হাজীগঞ্জ, চাঁদপুর।

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

## লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয় )**

প্রার্থীর রোল নম্বর : ......................................................................

পরীক্ষার তারিখ : ......................................................................

পরীক্ষার সময় : ......................................................................

পরীক্ষার কেন্দ্রের নাম : ......................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ......................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর : ........................................

(প্রার্থী / আবেদনকারী কর্তৃক পূরণীয় )

**পদের নাম :** ......................................................................

**প্রার্থীর নাম :** ......................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক......................................................

......................................................................

......................................................................

......................................................................

......................................................................



চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ হাজীগঞ্জ, চাঁদপুর।

D:\Rina Akter C.O 24.05.2023\Niok Folder\... 2024\....doc

## "প্রার্থী / আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী"

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্তত: ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে / কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড /চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১